

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪১৮

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

**রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের ক্লাবফুট কাস্টিং এর সুফল পেল দেবজিৎ**

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসকে) অধীনে ক্লাবফুট চিকিৎসার সুফল পেলেন সিপাহীজলা জেলার অধীন সোনামুড়া (মেলাঘর) মহকুমা হাসপাতালের অন্তর্গত পাল পাড়া রাজঘাটের বাসিন্দা এক বছর তিন মাসের শিশু দেবজিৎ বর্মণ। এই শিশুটির গত ১০ অক্টোবর, ২০২৩ সালে জন্ম হয়। জন্মের পরেই দেখা যায় তার বাম পায়ের গোড়ালি বাঁকা। এরপর গত ১৫ অক্টোবর, ২০২৩ সিপাহীজলা জেলার আরবিএসকে মেডিকেল টিমের চিকিৎসক ডা. সম্রাট দেববর্মা ও ডা. টিংকু দাস সোনামুড়া মহকুমা হাসপাতালের অধীন যুবরাজঘাট আয়ুর্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত পালপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে একটি সনাক্তকরণ শিবিরে শিশুটির ক্লাবফুটজনিত সমস্যা চিহ্নিত করেন। এরপর শিশুটিকে উন্নত চিকিৎসার জন্য গত ২০ অক্টোবর, ২০২৩ তারিখে আগরতলা গভার্ণমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে ফুট কাস্টিং করা হয়। গত ১৩ নভেম্বর, ২০২৪ তারিখে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম চেকআপ করে দেখেন যে এখন শিশুটি স্বাভাবিকভাবে চলাফেরা করতে পারে। গত ৪ ডিসেম্বর, ২০২৪ পরবর্তী চেকআপের সময় রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম লক্ষ্য করেন শিশুটি ভালোভাবে দৌড়াতে পারে এবং শিশুটির কোনও অসুবিধা হচ্ছে না। এই চিকিৎসা পরিষেবা প্রদান করা হয় সম্পূর্ণ বিনামূল্যে। শিশুটির পিতামাতা শিশুর চিকিৎসার সাফল্যে চিকিৎসক, স্বাস্থ্যকর্মী ও রাজ্য সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

\*\*\*\*\*